

# যে সকল পরিবার তাঁদের শিশু এবং কিশোর-কিশোরীদের জন্য ব্যক্তিগত প্রাথমিক সহায়তায় (ESIT) রূপান্তর করেছেন, তাঁদের জন্য একটি নির্দেশিকা



ESIT প্রকল্প চায় আপনার পরিবার নিরাপদ এবং সুস্থ থাকুক। পরিষেবা প্রদানকারীরা যারা আপনার সাথে দেখা করতে আসবেন তারা তাদের রাজ্য ও সংশ্লিষ্ট সংস্থার নির্দেশিকা মেনে চলবেন।

## আমাদের কি ব্যক্তিগত পরিষেবাতে রূপান্তর করতে হবে?

আপনার সন্তান এবং পরিবারের প্রয়োজন অন্য কারও চেয়ে আপনি ভাল জানেন, এবং আপনি ব্যক্তিগত পরিষেবাতে রূপান্তর করার জন্য সঠিক সময় বেছে নিতে পারেন। আপনার পারিবারিক সংস্থানের সমন্বয়কারী এবং অন্যান্য পরিষেবা প্রদানকারীরা আপনার বিকল্পগুলি আলোচনা করার জন্য উপলব্ধ।

## আমার বিকল্পগুলি কী কী?

পরিবারগুলির জন্য পরিষেবা প্রদানের বিভিন্ন বিকল্প রয়েছে। উদাহরণস্বরূপ, আপনি পারেন:

- দূরভাষ-সহায়তা পরিষেবা চালিয়ে যেতে
- আপনার বাড়িতে কোনও সরবরাহকারীর আসার বিকল্প বেছে নিতে
- বাইরে কোনও জায়গায়, যেমন উদ্যান বা আপনার বাড়ির উঠোনে সরবরাহকারীর সঙ্গে দেখা করতে
- অথবা এই বিকল্পগুলির সংমিশ্রণ বেছে নিতে

## ব্যক্তিগত পরিষেবার সময় কাকে মাস্ক পরে থাকতে হবে?

সরবরাহকারী আপনার বাড়িতে মাস্ক পরে থাকবেন। আপনার গৃহ পরিদর্শনের আগে, আপনি সরবরাহকারীর সঙ্গে ভিডিও কলের মাধ্যমে যোগাযোগ করে আপনার সন্তানকে দেখাতে পারেন যে, মাস্ক পরা অবস্থায় সরবরাহকারীকে কেমন দেখতে লাগবে। আপনার সন্তানকে বোঝান যে, মাস্ক সবাইকে সুরক্ষিত রাখে। আপনার সন্তান, যে ব্যক্তিগত পরিষেবা গ্রহণ করছে, তার মাস্ক পরার প্রয়োজন নেই। তবে আপনাকে এবং আপনার বাড়ির পাঁচ বছরের বেশি বয়সী অন্যান্যদের মাস্ক পরতে হবে।

## যখন সরবরাহকারী আমার বাড়িতে আসবেন, তখন আমাদের অধিবেশনগুলি কি আগের মতোই থাকবে?

আপনি যদি ব্যক্তিগত পরিষেবায় রূপান্তর করার সিদ্ধান্ত নিয়ে থাকেন, তবে সরবরাহকারী প্রতিষ্ঠানের সুরক্ষার প্রয়োজনীয়তাগুলো পর্যালোচনা করবেন এবং সেগুলো কেমন হবে, তা আপনাকে জানাবেন। এই প্রয়োজনীয়তাগুলোর জন্য প্রথমদিকে পরিদর্শনগুলো অন্যরকম মনে হতে পারে, কিন্তু এগুলো আপনার সুরক্ষার জন্যই করা হয়েছে। যদিও আপনার পরিষেবা প্রদানকারী ব্যক্তিগত পরিষেবা প্রদান করবেন, তবুও সবকিছু অতিমারির আগের মতো না-ও হতে পারে। পরিদর্শনের সময় আপনার এবং আপনার সন্তানের স্বাচ্ছন্দ্য বোধ করা গুরুত্বপূর্ণ।

## আরও প্রশ্ন আছে?

আপনার সন্তানের বিকাশের লক্ষ্যে কাজ করার সময় আপনার পরিবারকে সুরক্ষিত রাখার জন্য বিকল্প খুঁজে বের করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আপনার যদি কোনও প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার পরিষেবা প্রদানকারী বা আপনার পারিবারিক সংস্থানের সমন্বয়কারীকে জিজ্ঞাসা করুন।

আপনি যদি অন্য বিন্যাস বা ভাষায় এই নথির একটি প্রতিলিপি পেতে চান, অনুগ্রহ করে যোগাযোগ করুন

DCYF Constituent Relations (1-800-723-4831 | 360-902-8060, [ConstRelations@dcyf.wa.gov](mailto:ConstRelations@dcyf.wa.gov))।

DCYF PUBLICATION FS\_0059 BN (04-2021) Bengali



Washington State Department of  
**CHILDREN, YOUTH & FAMILIES**